গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
আইসিটি সেল
**www.mhapsd.gov.bd**

সভাপতি : মোঃ জাহাংগীর আলম, যুগ্মসচিব (রাজনৈতিক-১), জননিরাপত্তা বিভাগ
সভার তারিখ : ০১ ডিসেম্বর২০১৯
সময় : সকাল ১০.০০ টা
সভার স্থান : কক্ষ নং-১১২ ( ২য় তলা), জননিরাপত্তা বিভাগ
সভায় উপস্থিত কর্মকর্তাদের নাম ও পদবী : পরিশিষ্ট-'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থার উদ্ভাবনী কার্যক্রমের গুরুত্ব এবং সেবা প্রদান সহজীকরণ বিষয়ে আলোকপাত করে বক্তব্য রাখেন। তিনি উদ্ভাবন বিকাশে মেন্টরিং কর্মশালা আয়োজন, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং Hackathon কার্যক্রমের উপর গুরুত্ব আরোপ করেন । এছাড়াও তিনি ইনোভেশন কার্যক্রমকে গতিশীল করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে জননিরাপত্তা বিভাগের ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব (নিরাপত্তা ও আইসিটি সেল) আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। সভায় মেন্টরিং কর্মশালা, Hackathon ও ইনোভেশন কর্মপরিকল্পনা বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২.০

| ক্র: নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **মেন্টরিং কর্মশালা:** জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি মেন্টরিং কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনাকালে জানানো হয়। এ বিভাগে অদ্য পর্যন্ত কোন মেন্টরিং কর্মশালা অনুষ্ঠিত হয়নি। তাই একটি মেন্টরিং কর্মশালা আয়োজনের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সকল বিভাগ ও দপ্তরের প্রতিনিধি এ বিষয়ে তাদের নিজস্ব মতামত ও বক্তব্য উপস্থাপন করেন। | (ক) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাগণের মধ্য হতে জননিরাপত্তা বিভাগ এর ১০ জন, বাংলাদেশ পুলিশ এর ১০ জন, a2i এর ০৫ জন, বর্ডার গার্ড বাংলাদেশ এর ০৩ জন, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এর ০৩ জন, বাংলাদেশ কোস্টগার্ড এর ০২ জন, এনটিএমসি এর ০৩ জন, আন্তজার্তিক অপরাধ ট্রাইব্যুনাল এর ০২ জনকে নিয়ে একটি মেন্টরিং কর্মশালা আয়োজন করা হবে;<br>(খ) আগামী ০৮ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে মেন্টরিং কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে কর্মকর্তা মনোনয়ন করে তাদের তালিকা প্রেরণ করতে হবে;<br>(গ) সম্ভাব্য ২২ ও ২৩ ডিসেম্বর ২০১৯তারিখে জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে প্রধান অতিথি রেখে কর্মশালা আয়োজন করতে হবে এবং এ বিষয়ে তাঁর সম্মতি গ্রহণ করতে হবে;<br>(ঘ) ভেন্যু হবে বিআইসিএম; এবং<br>(ঙ) a2i এর সাথে আলোচনা করে বাজেট প্রণয়ন করে প্রেরণ করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহ |
| ০২. | **Hackathon Conference:** বিগত ২১ নভেম্বর ২০১৯ তারিখে Bangladesh Next Hackathon | জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাই করে ০৩টি উদ্ভাবনী কার্যক্রম ২০০ শব্দের বাংলা ও ইংরেজীতে স্ক্রীপ্টসহ | জননিরাপত্তা বিভাগ ও এর |

| | | | |
|---|---|---|---|
| | বিষয়ে ২৫টি মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে ১০টি সমস্যা/চ্যালেঞ্জ নির্ধারণ করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ হতে ০৩টি উদ্ভাবনী কার্যক্রমসমূহ ২০০ শব্দের বাংলা ও ইংরেজীতে স্ক্রীপ্টসহ সফটকপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করতে হবে। | সফটকপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হবে। | আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহ |
| ০৩ | **বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা :** সভায় এ মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ প্রেরণ বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর প্রথম ত্রৈমাসিক রিপোর্ট এখনো এ বিভাগে প্রেরণ করা হয়নি। তাই যথাসময়ে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের জন্য জোর তাগিদ প্রদান করা হয়। | জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রথম ত্রৈমাসিক আগামী ০৯ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহ |

৩.০ অত:পর আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মোঃ জাহাংগীর আলম)**
যুগ্মসচিব (রাজনৈতিক-১)
জননিরাপত্তা বিভাগ

বিতরণঃ

০১. মহাপরিদর্শক পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
০২. মহাপরিচালক, বর্ডারগার্ড বাংলাদেশ।
০৩. মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
০৪. মহাপরিচালক, কোস্টগার্ড অধিদপ্তর, ঢাকা।
০৫. পরিচালক, এনটিএমসি, অধিদপ্তর, ঢাকা।
০৬. সমন্বয়ক, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (আইসিটি), ঢাকা
০৭. জনাব মোঃ জাহাংগীর আলম, যুগ্মসচিব (রাজনৈতিক-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০৮. জনাব তাহ্‌মিনা বেগম, উপসচিব (পুলিশ-৩), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০৯. জনাব আরিফ আহমেদ খান, উপসচিব (সীমান্ত-৩), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০. জনাব আবু নাছের ভূঁঞা, উপসচিব (বাজেট-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১. জনাব মোঃ আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন, উপসচিব (প্রশাসন-৩), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১২. জনাব ভাস্কর দেবনাথ বাপ্পি, সিনিয়র সহকারী সচিব (রাজনৈতিক-৩), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৩. জনাব এইচ এম মনিরুজ্জামান, সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৪. জনাব মোঃ শরীফুল ইসলাম তানভীর, সিনিয়র সহকারী সচিব (আইন-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

০১. সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।